পাঁচ লক্ষের বেশি পরিবারকে আবাস যোজনা প্রকল্পে অন্তর্ভুক্ত

নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ : পশ্চিম বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে প্রায় পাঁচ লক্ষের অধিক পরিবারকে বাংলার আবাস যোজনা প্রকল্পের আওতায় আনা হল। মুখ্যমন্ত্রী কলকাতা নেতাজি ইন্ডোর স্টেডিয়ামের অনুষ্ঠানে রাজ্যের সমস্ত্য ব্লকের কিছু উপভোক্তাকে সংশাপত্র তুলে দিচ্ছেন। সেই সঙ্গে তাঁরই নির্দেশে সমস্ত ব্লকে সোমবার উপভোক্তাদের হাতে সংশাপত্র তুলে দেওয়া হবে। কাকদ্বীপ ব্লক এবং পঞ্চায়েত ও সমিতির পরিচালনায় চারশ চল্লিশজন উপভোক্তাকে সংশাপত্র তুলে দেন সুন্দরবন উন্নয়ন মন্ত্রী মন্টুরাম পাখিরা। প্রত্যেকে দু'টি পর্যায়ে এক লক্ষ কুড়ি হাজার টাকা গৃহনির্মাণের জন্য পাবেন। এছাড়াও কাকদ্বীপ পঞ্চায়েত সমিতির এনআর জিএস দফতর থেকে ষোল হাজার দুশো টাকা করে দেওয়া হবে। মন্ত্রীর উদ্যোগে কাকদ্বীপের এগারটি গ্রাম পঞ্চায়েতের একশোজন উপভোক্তা নেতাজি ইন্ডোর মুখ্যমন্ত্রীর হাত থেকে সংশাপত্র নেবেন।

সুডোকু মেলাও

বুদ্ধি বাড়াও

1				7	2	3		5
9						1		
					4			
			7	9			5	
		6				7		
	4			2	8			
			2					
		3						6
7		2	4	1				9

গতকালের সমাধান

6	4	9	2	5	8	7	1	3
3	8	7	6	9	1	2	5	4
5	1	2	7	3	4	9	8	6
4	6	8	3	2	5	1	9	7
2	9	1	4	6	7	8	3	5
7	5	3	8	1	9	4	6	2
1	7	4	5	8	6	3	2	9
8	2	5	9	7	3	6	4	1
9	3	6	1	4	2	5	7	8

আবহাওয়া

পূর্বাভাস: মঙ্গলবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ২৮ ডিগ্রি ও ১৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** সোমবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ২৭ ডিগ্রি ও ১২ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৩৩ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৬।১৬, **সূর্যাস্ত:** ঘ ৫।২৩ **জোয়ার:**দুপুর : ১২:৩৭। **ভাঁটা:** সকাল : ৭:৫৬।

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

বিজ্ঞপ্তি

এই পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপন ও তার বিষয়ে কোনও দায়িত্ব আমরা স্বীকার করি না এবং আমাদের ওপর বর্তায় না।

- সম্পাদক

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR / 1 USD	63.5470
INR / 1 Euro	78.8682
INR / 100 Jap. YEN	58.3800
INR / 1 Pound Sterling	89.8237

শেয়ারসূচক

BSE	36,283.25 ▲	(+232.81)
NIFTY	11,130.40 ▲	(+60.75)

শব্দলিপি- ১০৯৯



অনিলা সামুই

পাশাপাশি ঃ ১। '— শীতলাম্' ৪। স্বার্থ ৬। খনিজ ৭। মোকদ্দমাপটু ৯। ব্যঙ্গে অনশন ১১। পরিমাপ ১৩। দুদিকেই চোখ ১৪। প্রেমিকার পরিচয়ে শ্রীকৃষ্ণ

উপরনীচ ঃ ২। আলতা ৩। সরগরম ৪। খুব নরম ৫। '— তিন বর' ৬। বায়ুমণ্ডলবিদ্যা ৮। অত্যন্ত লজ্জিত বা কুণ্ঠিত হওয়া ১০। খোলা মাঠ ১২। উরুর মাংসল অংশ

সমাধান ঃ শব্দলিপি - ১০৯৮

পাশাপাশি ঃ ১। কল্পতরু ৩। পাগল ৬। লা জবাব ৮। বমালসহ ১০। পাকশাসন ১২। তরুরস ১৪। মালব ১৫। বনতল

উপরনীচ ঃ ১। করকবলিত ২। তপোবন ৪। গরবা ৫। বলাহক ৭। বদনমণ্ডল ৯। সপাসপ ১১। শালিধান ১৩। রুমাল

দুই গোষ্ঠীর সংঘর্ষে উত্তপ্ত বোলপুর থানার বড়শিমুলিয়া গ্রাম

নিজস্ব সংবাদদাতা, বোলপুর : দুই গোষ্ঠীর সংঘর্ষে উত্তপ্ত হল বোলপুর থানার বড়শিমুলিয়া গ্রাম। এলোপাতাড়ি ছোঁড়া গুলিতে উভয়পক্ষের দু'জন জখম হয়েছে বলে জানা গেছে। গুলিবিদ্ধরা হলেন হাসেম শেখ ও ফিরোজ শেখ। অভিযোগ, তৃণমূলের দুই গোষ্ঠীর মধ্যে সংঘর্ষ বাধে। বোলপুর থানার বড়শিমুলিয়া গ্রামে তৃণমূলের গোষ্ঠীদ্বন্দ্ব দীর্ঘদিনের। মূলত নানুরের প্রাক্তন বিধায়ক তৃণমূলের গদাধর হাজরার সঙ্গে তৃণমূল নেতা কাজল শেখ গোষ্ঠীর লড়াইয়ে বারবার উত্তপ্ত হয়েছে বড়শিমুলিয়া গ্রাম। একইভাবে রবিবার থেকে গদাধর গোষ্ঠীর হাসেমের সঙ্গে কাজল গোষ্ঠীর ফিরোজের মধ্যে প্রথমে বোমাবাজি হয়। বোমায় দশটির বেশি বাড়ি পুড়ে যায় বলে অভিযোগ। গুলিবিদ্ধ হন দুই গোষ্ঠীর দুই স্থানীয় নেতা।

এরপর রাতে বোলপুর থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছায়। পুলিশি তৎপরতায় হাসেম শেখকে বোলপুর হাসপাতালে ভর্তি করা হয়। তাঁর অবস্থা আশঙ্কাজনক বলে জানা গেছে।

আহত হাসেম শেখের ছেলে অভিযোগ, সিপিএম-এক হার্মাদবাহিনী তাঁর বাবাকে গুলি করেছে। শুধু তাই নয়, মা ও বউদিদের শ্লীলতাহানির চেষ্টাও করা হয়। বাড়িতে আগুন লাগিয়ে দেওয়া হয়েছে বলেও অভিযোগ।

ভাগ্যলিপি

মেষ

আপনি আজ সাফল্য পাবেন। কাজে গতি আসবে ব্যবসায়ীদের ক্ষেত্রে আজদিনটি শুভ।

বৃষ

দুপুরে পরে সাফল্য পাবেন। যোগাযোগের ক্ষেত্রে উন্নতি ঘটবে।

মিথুন

দেখে শুনে সিদ্ধান্ত গ্রহণ করুন, এগিয়ে চলার পক্ষে দিনটি শুভ।

কর্কট

সহকর্মীদের সঙ্গে আজ সমস্যার সমাধান হবে। মতবিরোধ কাটিয়ে এগিয়ে চলার চেষ্টা করুন।

সিংহ

সাফল্য পাবেন, কর্মস্থলে আপনার শ্রীবৃদ্ধি ঘটবে, সবমিলেয়ে আজকের দিনটি অত্যন্ত শুভ।

কন্যা

কর্মস্থলে সাফল্য পাবেন। পেশাগত ক্ষেত্রে যুক্ত ব্যক্তিরা লাভবান হবেন। সন্ধ্যার পরে আপনার ভালোবাসার মানুষ কাছে পাবে।

তুলা

সামাজিক ক্ষেত্রে সাফল্যলাভের সম্ভাবনা। ব্যবসায়ীদের ক্ষেত্রে দিনটি শুভ।

বৃশ্চিক

যে পরিকল্পনা আপনি করছিলেন। তা সফল হওয়ার সম্ভাবনা রয়েছে।

ধনু

একটা স্পর্শকাতর দিন আজ। এগিয়ে চলার চেষ্টা করুন। সাফল্য পাবেন।

মকর

একদম ভালদিন নয়। ব্যবসায়ে ক্ষতির সম্ভাবনা। গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত আজ না নেওয়াই ভালে।

কুম্ভ

সাফল্য আসবে। এগিয়ে চেষ্টা করুন। তবে অপ্রত্যাশিত কিছু পেতে পারেন।

মীন

সাফল্য আসবে আজ। ব্যবসায়ে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিতে পারেন।

বিক্ষিপ্ত কিছু ঘটনা ছাড়া উলুবেড়িয়া উপনির্বাচন হল শান্তিপূর্ণভাবে

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : জল্পনা ছিল, ছিল অনিশ্চয়তার কালো মেঘ, ছিল সাম্প্রদায়িক উস্কানিমুলক কথাবার্তাও। কিন্তু সমস্ত কালো মেঘের সারি, ভ্রুকুটি আর অভিযোগকে বুড়ো আঙুল দেখিয়ে সোমবার হাওড়ার উলুবেড়িয়া লোকসভা কেন্দ্রের উপনির্বাচন সম্পন্ন হল শান্তিপূর্ণভাবেই। তবে কোথাও কোথায় কিছু বিক্ষিপ্ত হিংসার ঘটনা ঘটেছে। তবে ভোট মানেই একটু অভিযোগ পাল্টা অভিযোগতো থাকবেই। বিশেষজ্ঞ মহলের এই মতামত প্রমাণ ছিল মানুষ প্রায় স্বতঃস্ফূর্তভাবেই ভোট দিয়েছেন।

প্রসঙ্গত, হাওড়ার উলুবেড়িয়া লোকসভা কেন্দ্রের প্রয়াত সাংসদ সুলতান আহমেদের অকাল প্রয়াণে এই কেন্দ্রে উপনির্বাচন হল সোমবার। বিক্ষিপ্ত হিংসার ঘটনা বলতে উলুবেড়িয়া গঙ্গারামপুরে বিজেপি-তৃণমূল কর্মীরা সংঘর্ষে জড়িয়ে পড়েন। বোমাবাজিও হয় সেখানে। বিজেপির পার্টি অফিস ভেঙে দেওয়ার অভিযোগ ওঠে তৃণমূলের বিরুদ্ধে। এই ঘটনায় বেশ কয়েকজন আহত হন। তাঁরা উলুবেড়িয়া মহকুমা হাসপাতালে চিকিৎসাধীন। সেখানে তৃণমূলের হাতে সিপিএম কর্মীরাও আহত হয়েছেন বলে অভিযোগ। এলাকায় বিশাল পুলিশ বাহিনী মোতায়েন ছিল। হয় রুট মার্চও। তবে তৃণমূল কংগ্রেস এই অভিযোগ অস্বীকার করে। তাদের বক্তব্য বিরোধীরাই ওখানে বিশৃঙ্খলা তৈরির চেষ্টা করছিল। হাওড়া গ্রামীণ বিজেপির সভাপতি তথা এই কেন্দ্রের বিজেপি প্রার্থী অনুপম মল্লিক জানান, তৃণমূল ভোটে সন্ত্রাস চালানোর চেষ্টা করেছে। আমতা ও উদয়নারায়ণপুরে তৃণমূল সন্ত্রাস চালায়। তাদের মোট ১২ জন কর্মী আহত হয়েছেন।

এছাড়া আরও কিছু বিক্ষিপ্ত ঘটনা ঘটেছে। ১৫১ নম্বর বুথে কংগ্রেস এজেন্টকে বুথে ঢুকতে দেওয়া হয়নি। এমএসকে ও অন্য একটি বুথে ইভিএম খারাপ হওয়ার জন্য ভোট গ্রহণ প্রায় ২০-২৫ মিনিট বন্ধ হয়ে যায়। পরে ভোটাধিকারীদের উদ্যোগে সেখানে পুনরায় ভোট শুরু হয়। এছাড়াও জগদীশপুরে বিজেপি ও সিপিএমের ঝান্ডা পোড়ানোর অভিযোগ ওঠে তৃণমূলের বিরুদ্ধে। হাওড়া গ্রামীণ তৃণমূলের সভাপতি পুলক রায় জানিয়েছেন। মানুষ স্বতঃস্ফূর্তভাবে ভোট দিয়েছে। শান্তিপূর্ণভাবেই ভোট হয়েছে। বিরোধীরা হেরে যাওয়ার আভাস আগে থেকেই পেয়ে তৃণমূলের নামে মিথ্যা অভিযোগ করছে। মূলত উলুবেড়িয়া কেন্দ্রে লড়াই হচ্ছে চতুর্মুখী, তৃণমূল কংগ্রেসের প্রার্থী সাজদা আহমেদ, বিজেপির অনুপম মল্লিক, সিপিএমের সাবিরুদ্দিন মোল্লা ও কংগ্রেসের এসকে মোদাস্সর হোসেন। সকাল ১০টা পর্যন্ত ভোট পড়েছে ৩০ শতাংশ। বিকেল ৩টে পর্যন্ত ৪০ শতাংশের বেশি ভোট পড়েছে। এই কেন্দ্রে তৃণমূল কংগ্রেস প্রার্থীরা এগিয়ে বলে বিশেষজ্ঞ মহলের মতামত।

মুখ্যমন্ত্রীর উদ্যোগে সুন্দরবন জেলা পুলিশের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা

নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ : মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে এবং অনুপ্রেরণায় সুন্দরবন পুলিশ জেলার প্রথম বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হল। সুন্দরবন পুলিশ জেলার অন্তর্গত ১৩টি থানা এবং জেলা, মহকুমা দফতরের পুলিশকর্মী এবং সিভিক ভলন্টিয়ার অংশগ্রহণ করেন। একশো, দুশো, চারশো এবং আটশো মিটার দৌড়। লংজাম্প, কাছি টানা ইত্যাদি সহ কুড়িটি ইভেন্টে অংশগ্রহণ করেন পুলিশ কর্মীরা। কাকদ্বীপ স্পোর্টস কমপ্লেক্সে প্রথম বার্ষিক ক্রীড়া অনুষ্ঠানের উদ্বোধন করেন দক্ষিণ ২৪ পরগনা জেলার স্পেশাল পুলিশ সুপার (এসএসপি) পান্ডে সন্তোষ। ক্রীড়া অনুষ্ঠানে উপস্থিত হয়ে সুন্দরবন উন্নয়ন মন্ত্রী বলেন, আমাদের মুখ্যমন্ত্রী চান পুলিশ যেমন আইন শৃঙ্খলা রক্ষার কাজ করেন সে রকম সাধারণ মানুষের সঙ্গে ক্রীড়া ও সংস্কৃতিক বিষয়ে এক একান্ত হয়ে উঠুন। পুলিশ তো মানুষ।

অন্য কাজের থেকে এদের কাজটা একটু অন্য ধরনের। মানসিক চাপ মুক্ত করতে আমরা যেমন বিনোদনের ব্যবস্থা করি এদেরও সেটা প্রয়োজন। তাছাড়া খেলাধুলো, শরীর চর্চারও প্রয়োজন। মন্ত্রী বর্তমান পুলিশ সুপার তথাগত বসুর প্রশংসা করে বলেন জেলার পুলিশ কর্মচারীদের নিয়ে সুন্দর শারদ সম্মান সাংস্কৃতিক অনুষ্ঠান করেছেন সেরকম আজকে এই ক্রীড়া অনুষ্ঠানের সুন্দর অয়োজন শুধু আমি নয়, আমার এলাকার মানুষকে মুগ্ধ করেছে। কেবলমাত্র শহরে সীমাবদ্ধ না থেকে সারা গ্রাম বাংলায় পুলিশ আইন শৃঙ্খলা রক্ষার পাশাপাশি ক্রীড়া ক্ষেত্রেও নজির সৃষ্টি করুক। মন্ত্রী মহিলাদের দৌড় প্রতিযোগিতায় সফল প্রতিযোগীদের হাতে পুরস্কার তুলে দেন।

ট্রাকের চাকায় পিষ্ট হয়ে মৃত্যু

নিজস্ব সংবাদদাতা, উত্তর ২৪ পরগনা : ট্রাকের চাকায় পিষ্ট হয়ে মৃত্যু হল এক বাইক আরোহীর। মৃতের নাম কুদ্দুস মোল্লা ৫৫। ঘটনায় আহত আরও একজন। রবিবার ঘটনাটি ঘটে উত্তর ২৪ পরগনার ন্যাজাট থানার আখড়াতলা ব্রিজে। ঘটনার জেরে রাস্তা অবরোধ করে স্থানীয়রা।

রবিবার রাতে নিজের বাইকে জামাইকে নিয়ে ন্যাজাট থেকে বসিরহাটে রোড ধরে বাড়ি ফিরছিলেন কুদ্দুস মোল্লা। সেই সময় আখড়াতলা ব্রিজের পিছন থেকে দ্রুত যেতেই রাস্তায় অন্য গাড়ির জ্যাম থাকায় ঘাতক ট্রাকটি ফেলে চালক পালায়।

এরপর স্থানীয় মানুষ মৃতদেহ আটকে রাস্তা অবরোধে শামিল হয়। ফলে রাতের দিকে রাস্তার দু'ধারে বহু ট্রাক আটকে যায়। অবরোধকারীদের অভিযোগ, ন্যাজাট-বসিরহাট রোডে বেপরোয়াভাবে ট্রাকগুলি যাতায়াত করেন। সেই কারণে প্রতিনিয়ত দুর্ঘটনা ঘটে। পুলিশকে জানিয়েও কোনও কাজ হয়নি বলে অভিযোগ।

ঘটনাস্থলে পৌঁছায় ন্যাজাট থানার পুলিশ। প্রায় দু'ঘণ্টা অবরোধ চলার পর ট্রাক চলাচলে নিয়ন্ত্রণ আনার প্রতিশ্রুতিতে অবরোধ তুলে নেন বিক্ষোভকারীরা।

এরপর দেহটি উদ্ধার করে পুলিশ। ট্রাকটি আটক করলেও পলাতক চালক।

দঃ ২৪ পরগনায় নিঃশুল্ক চিকিৎসা শিবির গৌড়ীয় মিশনের

FREE HEALTH CA
গৌড়ীয় মিশন
GAUDIYA

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : বাগবাজার গৌড়ীয় মিশন একটি ঐতিহ্যময়ী প্রাচীন প্রতিষ্ঠান। দীর্ঘ কয়েক বছর যাবৎ প্রাকৃতিক বিপর্যয়ে পীড়িত মানুষদের জন্য অন্ন, বস্ত্র ও ঔষধ বিতরণ করে আসছে। রবিবার দক্ষিণ ২৪ পরগনা জেলার জয়নগর থানার অন্তর্গত উত্তর রঘুনাথপুরে জে.পি স্কুলে মিশন কর্তৃক একটি নিঃশুল্ক চিকিৎসা শিবির তথা স্বাস্থ্য সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। গরিব, দুঃখি ও আবালবৃদ্ধবণিতাসহ প্রায় ১১০ জন রোগীর সুচিকিৎসা করা হয়। কলকাতার ই.এন.টি. বিশেষজ্ঞ ডঃ পিআর রায়চৌধুরী (ডি.এম.) ও ডঃ মহাদেব মণ্ডল সকল পীড়িত রোগীদের যত্ন সহকারে চিকিৎসা করেন। রোগীদের গমিশন কর্তৃক বিনামূল্যে ওযুধ বিতরণ করা হয়। মিশনের পক্ষে সুদাম দাস ব্রহ্মচারী, শচীসূনু মিশনের পক্ষে দাসাধিকারীর সহযোগিতায় উক্ত কার্য সুসম্পন্ন হয়।

মিশনের সেবাসচিব ত্রিদণ্ডী স্বামী শ্রীপাদ ভক্তিসুন্দর সন্ন্যাসী মহারাজের তত্ত্বাবধানে উক্ত শিবিরের কার্য সুষ্টুভাবে সম্পাদিত হয়েছে।

যুবকের ঝুলন্ত দেহ উদ্ধার

নিজস্ব সংবাদদাতা, বিষ্ণুপুর : বাড়ির পিছনের বাগান থেকে যুবকের ঝুলন্ত দেহ উদ্ধার হল। মৃতের নাম উজ্জ্বল দাস (৩০)। ঘটনাটি ঘটেছে দক্ষিণ ২৪ পরগনার বিষ্ণুপুরের রামকৃষ্ণপুরে। স্থানীয়দের সহযোগিতায় আমতলা গ্রামীণ হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা তাঁকে মৃত ঘোষণা করেন।

পুলিশ সূত্রে জানা গেছে, উজ্জ্বলের পরিবারে বাবা, মা ও স্ত্রী রয়েছেন। স্থানীয় একটি স্টুডিওয় কাজ করতেন তিনি। প্রতিদিন কাজ সেরে রাতে বাড়ি ফিরে আসতেন। রবিবার রাতে তিনি বাড়ি না ফেরায় চিন্তায় পড়ে যান পরিবারের সদস্যরা। সকালে থানায় নিখোঁজের বিষয়টি জানাবেন বলে ঠিক করেন তাঁরা। কিন্তু তার আগেই বাড়ির পিছনের বাগানে একটি গাছ থেকে উজ্জ্বলের দেহ ঝুলতে দেখেন এক প্রতিবেশী।

পুলিশ জানিয়েছে, একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে তদন্ত শুরু হয়েছে। দেহটি ময়নাতদন্তে পাঠানো হয়েছে।

নোয়াপাড়ায় ভোট লুট হয়েছে, অভিযোগ গৌতম দেবের

নিজস্ব সংবাদদাতা, বারাসত : উত্তর ২৪ পরগনা জেলার নোয়াপাড়া বিধানসভা কেন্দ্রে তৃণমূল ভোট লুঠ করেছে বলে অভিযোগ তুললেন সিপিএম নেতা গৌতম দেব। সোমবার বিকালে নোয়াপাড়ার ভোট প্রক্রিয়া শেষ হওয়ার আগেই বারাসতের সিপিএমের দলীয় কার্যালয়ে বসে উত্তর ২৪ পরগনা জেলা সিপিএমের সাধারণ সম্পাদক গৌতম দেব বলেন, নোয়াপাড়া উপ নির্বাচনে সাধারণ মানুষের গণতান্ত্রিক খর্ব হয়েছে। তৃণমূল বিধায়ক অর্জুন সিংয়ের নেতৃত্বে ভোট লুঠ করা হয়েছে নোয়াপাড়ায়।



সিস্টার নিবেদিতার সার্ধশত জন্মবর্ষ উপলক্ষে নিবেদিতা গার্লস স্কুলের ছাত্রীদের বর্ণাঢ্য শোভাযাত্রা। *ছবি : সুবল সাহা।*

লিলুয়ায় দুষ্কৃতী তাণ্ডব

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : রাতের অন্ধকারে দুষ্কৃতী তাণ্ডব। সোমবার বহিরাগত যুবকেরা এসে তাণ্ডব চালায় বলে অভিযোগ। ঘটনাটি ঘটেছে লিলুয়া থানা। এলাকার বামুনগাছিতে। পুলিশ সূত্রে জানা গেছে সোমবার আনুমানিক ভোর ৩ টা নাগাদ কয়েকজন যুবক সেই এলাকায় আসে। রাতের অন্ধকারের সুযোগ নিয়ে তারা এলাকায় তাণ্ডব চালায়।

টিএমসি'র পতাকা পোড়ায় বলেও অভিযোগ। এলাকার দুষ্কতীরা এই ঘটনাটি ঘটিয়েছে বলে স্থানীয় মানুষদের অভিযোগ করেছে। সেই সময় সেই এলাকার একটি বাড়ির নিচে একটি অটো দাঁড় করান ছিল। তা দেখে দুষ্কৃতীরা সেই অটোও পুড়িয়ে দেন বলে অভিযোগ। এরপর স্থানীয় বাসিন্দারা খবর দেয় পুলিশকে। ঘটনাস্থলে আসে লিলুয়া থানায় পুলিশ। সেখানে পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। শেষ পাওয়া খবর অনুয়ায়ী এলাকায় এখনও থমথমে। এই ঘটনায় এখনও কেউ গ্রেফতার হয়নি। দোষীদের খুঁজছে পুলিশ। কে বা কারা এই ঘটনার সঙ্গে যুক্ত তা খতিয়ে দেখছে। ঘটনার তদন্ত করছে পুলিশ।

Change of Name

I, PREVIOUSLY CALLED GANES CHANDRA RAY S/O, LATE GANGA NARAYAN RAY R/O, 37F, RADHA MADHAB DUTTA GARDEN LANE P.O. BELEGHATA KOLKATA-700010. HAVE CHANGED MY NAME AS GANESH CHANDRA ROY VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE LD. 1ST CLASS METROPOLITAN MAGISTRATE, KOLKATA ON 19.01.2018.

Change of Name

MOHAMMED SHAKIL S/O. ABDUL SATTAR resident of 9 E KUSTIA ROAD. P.S. TILJALA, KOLKATA-700039, I have Change my name SHAKIL SIDDIQUI to MOHAMMED SHAKIL as per Notary Public Kolkata on 29/01/2018.

Change of Name

I, PREVIOUSLY CALLED JOYA ROY W/O, GANESH CHANDRA ROY R/O, 37F, RADHAMADHAB DUTTA GARDEN LANE P.O. BELEGHATA KOLKATA-700010. HAVE CHANGED MY NAME AS JAYA ROY VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE LD. 1ST CLASS METROPOLITAN MAGISTRATE KOLKATA ON 19.01.2018

Change of Name

I, ASHWIN THANKI S/O KANTILAL JIVANLAL THANKI R/O ABHISHIKTA APARTMENT FLAT NO.07, D-20, BRAHMAPUR NORTHERN PARK OPP AGRADOOT CLUB BANSDRONI KOLKATA-700070 IN THE STATE OF WEST BENGAL SHALL HENCEFORTH BE KNOWN AS ASHWIN KUMAR KANTILAL THANKI VIDE AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC KOLKATA ON 29.01.2018